

## গৌরীপুরে বাউবির অর্ধশত ভূয়া পরীক্ষার্থী বহিষ্কার

কেন্দ্র সমন্বয়কারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

॥ গৌরীপুর (ময়মনসিংহ) থেকে  
সংবাদদাতা ॥

গৌরীপুরে বাংলাদেশ উন্মুক্ত  
বিশ্ববিদ্যালয়ের বাউবি অধীনে তৃত্ব-  
বার আরকে সরকারি উচ্চ বিদ্যালয়  
পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত বাংলা ১ম  
পত্র ও ২য় পত্রের পরীক্ষায় অর্ধশত  
ভূয়া পরীক্ষার্থীকে পরীক্ষার ব্যবস্থা  
করে দেয়ার দায়ে সমন্বয়কারীর  
বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া  
হয়েছে।

জানা যায়, পরীক্ষা শুরু পর  
হল পরিদর্শকরা কেন্দ্রের পরীক্ষার্থী-  
দের নামের তালিকা অনুযায়ী উপ-  
স্থিত পরীক্ষার্থীদের প্রবেশ পত্রে  
নাম, রোল ও ছবি মিল না  
থাকায় পরীক্ষার্থীদের উত্তরপত্র,  
প্রশ্নপত্রসহ পরীক্ষার্থীদের আটক  
করা হয়। বিষয়টি সত্বরবানু বালিকা  
উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও টিউটো-  
রিয়াল কেন্দ্রের সমন্বয়কারী আঃ  
সানাদের জালিয়াতি বলে প্রমাণিত  
হওয়ায় ভূয়া পরীক্ষার্থীদের উত্তর-  
পত্র প্রশ্নপত্র ও প্রবেশ পত্র রেখে  
বহিষ্কার করা হয়। টাকা দিয়েও  
পরীক্ষা দিতে না পারায় পরীক্ষার্থী  
মোঃ জুবায়ের হোসেন মোঃ  
আতিকুর রহমান, মোঃ জয়েল  
মিয়া, কামরুল আহমেদ, তানজিন  
আক্তার, মোঃ উমর ফারুক, মোজা-  
ম্মেল হক, মোঃ শাহীন আলম,  
নাসরুদ রানা, মোঃ সাজ্জদ মিয়াসহ  
অর্ধশত পরীক্ষার্থী পরীক্ষা হলের  
সামনে কেন্দ্র সমন্বয়কারী অঃসানাদের  
বিস্তার দাবি করে। সত্বরবানু বালিকা

উচ্চ বিদ্যালয় টিউটোরিয়াল কেন্দ্রের  
২শ ৪১ জন পরীক্ষার্থীর মধ্যে ১০  
জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।  
বাকি ১০৯ জন পরীক্ষার্থীর মধ্যে  
প্রায় অর্ধশত ভূয়া এবং বাকীরা  
অনুপস্থিত ছিল। এ ব্যাপারে উপ-  
স্থিত নির্বাহী কর্মকর্তা একেএম  
ইহসানুল হক জাানান, জালিয়াতির  
ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে  
আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা  
হচ্ছে।